

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৭৯.২০১৩-৭৮৬

তারিখ : ২২ মে, ২০১৬

বিষয় : সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বিভিন্ন স্কিম অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, সাতক্ষীরা-এর স্মারক নং-উপনিঃঅঃ/কালি/২০১৬-৪০৫; তারিখ : ২৪ এপ্রিল, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরিত প্রাক্কলন এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সাতক্ষীরা-এর কারিগরি প্রতিবেদন অনুযায়ী রাজস্ব তহবিলের অর্থায়নে ৪,০৪,৬৬২/- (চার লক্ষ চার হাজার ছয়শত বাষট্টি) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং এতদসংক্রান্ত বিধি বিধান অনুসরণ করে সীমানা প্রাচীর নির্মাণের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে রেপ্ট হাউজ নির্মাণের সুযোগ না থাকায় উপজেলা পরিষদের ভবন উর্দ্ধমুখী সম্প্রসারণের প্রস্তাবটি বিবেচনা করা গেলনা। একই সাথে উপজেলা পরিষদের টিনসেড ইউআরসি ভবন নির্মিত হলে উক্ত ভবনে কোন্ কোন্ অফিসের কার্যক্রম পরিচালনা করা হবে, মাষ্টার প্লানে উক্ত ভবনটি অন্তর্ভুক্ত রয়েছে কিনা তা উল্লেখপূর্বক উপজেলা পরিষদ সভায় রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সুপারিশ গ্রহণ করে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির কারিগরি প্রতিবেদন সংগ্রহ করে রাজস্ব তহবিলের স্থিতিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

J.A.A.
22.05.2016
(ড. জুলিয়া মর্সন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, সাতক্ষীরা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, সাতক্ষীরা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।